27.06.25 ✓

# Delhi Public School, Howrah

**PERIODIC ASSESSMENT- I (2025 – 2026)**

**Class- XI**

**Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.**

**Subject:- BENGALI (105)**

**Time:- 3 HOURS** **F.M.-80**

## SECTION – A ( READING)

## PART-A

**1) নিচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো:** (2×5=10)

A. সুন্দরবন অঞ্চলের সর্বপ্রধান লৌকিক দেবতা বা দেবী হলেন বনবিবি ওরফে বিবিমা-ই। তাঁর প্রায় সমান গুরুত্বপূর্ণ হচ্ছেন দক্ষিণ রায়। ভারত ও বাংলাদেশ উভয় দেশের সুন্দরবন অঞ্চলেই মৎসজীবী, মধু-সংগ্রহকারী ও কাঠুরিয়া জনগোষ্ঠীর মানুষেরা হিন্দু মুসলমান নির্বিশেষে বাঘের হাত থেকে রক্ষা পেতে বনবিবির পুজো করেন। ইতিহাসবিদ সতীশচন্দ্র মিত্রের যশোহর খুলনার ইতিহাস গ্রন্থের তথ্য অনুযায়ী ১৫০০ সাল নাগাদ সুন্দরবন এলাকায় দক্ষিণরায়, বণিক ধোনাই ও মোনাই এবং গাজীর অস্তিত্বের কথা জানা যায়। বনবিবি ছিলেন ইব্রাহিম নামে এক আরবের কন্যা। ইব্রাহিমের স্ত্রী গুলাল বিবি সতীনের প্ররোচনায় সুন্দরবনে পরিত্যক্ত হলে সেখানেই বনবিবির জন্ম হয়। কথিত আছে, গুলাল বিবি মদিনা এবং ইব্রাহিম মক্কা হতে এসেছিলেন। দক্ষিণরায় ছিলেন যশোহরের ব্রাহ্মণনগরের রাজা মুকুট রায়ের অধিনস্থ ভাটির দেশের সামন্ত।দক্ষিণরায়ের সঙ্গে বনবিবির একাধিক যুদ্ধ হয়। শেষে দক্ষিণরায় পরাজিত হয়ে সন্ধি করেন। দক্ষিণরায়ের পরাজয়কে এই গ্রন্থে বাঘ বা অপশক্তির পরাজয় হিসাবে উল্লেখ করা হয়েছে। বর্তমানে উভয় দেশের সুন্দরবন অঞ্চলের লোকসংস্কৃতির একটি গুরুত্বপূর্ণ অংশ হলেন বনবিবি।

দক্ষিণরায় ছিলেন নারায়ণী ঠাকুরের ছেলে। কখনো তিনি বাঘের রূপে, কখনো মানুষের চেহারায় ঘুরে বেড়ান;মানুষ, গরু, হরিণ ইত্যাদি ধরে ধরে খান। সাঁঝ সকালে "চারিটা মহিষ আর চাউল তিন মোন" হল তার ব্রেকফাস্ট এবং টিফিন। ভাটিদেশকে এই কাফের শাসকের হাত থেকে মুক্ত করতে উদ্যোগী হলেন বিবিমা। সেই যুদ্ধে নারায়ণী গেলেন হেরে। ফলে "ডরে পাও ধরিলা বিবির", এবং বললেন "বাদাবন হৈলো এবে তোমার এক্তের"। এরপর একদিন ধনা সাহা নামে এক ব্যবসায়ী "সাত নাও" সাজিয়ে বনে যাবার সময় দেখলেন একজন মাল্লার ঘাটতি হচ্ছে। তখন গ্রামের দুখেকে নিয়ে ওরা পাড়ি দিল। এক রাতে দক্ষিণ রায় ধনাকে স্বপ্নে বললেন "নরবলি পূজা" দিলে "মোম মধু সাত ডিঙা দিব তোরে আমি।"অতএব কথার ছলে দুখেকে ভুলিয়ে কাঠ আনতে পাঠিয়ে দিল। জঙ্গলের মধ্যে দক্ষিণ রায় বাঘের বেশে এসে দুখেকে খেতে উদ্যত হলে দুখে "বনবিবি মাগো লেহ উদ্ধারিয়া" বলে প্রার্থনা করলে বনবিবি শাজঙ্গলীকে নিয়ে ছুটে আসেন। শাজঙ্গলীর এক রামথাপ্পড়ে দক্ষিণ রায়ের ঘাড়টা গেল ডানদিকে বেঁকে।

কবি কৃষ্ণরাম দাসের রায়মঙ্গল ছাড়াও হরপ্রসাদ শাস্ত্রী, দীনেশচন্দ্র সেন, সুনীতিকুমার চট্টোপাধ্যায় দক্ষিণ রায় সম্পর্কে লিখেছেন। সুনীল গঙ্গোপাধ্যায় এর কিশোর রহস্য উপন্যাসে 'জংগলের মধ্যে গম্বুজ' বইতে দক্ষিণ রায়ের কথা আছে। জানা গিয়েছে ব্রিটিশ আমলে এই পুজোর সূচনা করেছিলেন দেবী চৌধুরানী ও ভবানী পাঠক। প্রতি বছর পৌষমাসে এর পুজো করা হয়। তবে বনবিবির পুজো ব্রাহ্মণরা করেন না, করেন নিম্নবর্ণের হিন্দুরা।

I) ভাটিদেশকে এই কাফের শাসকের হাত থেকে মুক্ত করতে উদ্যোগী হলেন বিবিমা।– আলোচ্যমান অংশে কাফের বলতে বোঝানো হয়েছে-

A. ধনাকে B. দুখেকে

C. দক্ষিণ রায়কে D. সামন্তদের

II) "বাদাবন হৈলো এবে তোমার এক্তের"- আলোচ্যমান উক্তিটি কে কাকে বলেছেন?

A. দক্ষিণ রায় বলেছে নারায়ণীকে।

B. বনবিবি বলেছে নারায়ণীকে।

C. নারায়ণী বলেছে বনবিবিকে।

D. নারায়ণী বলেছে দক্ষিণ রায়কে।

III) ব্যবসায়ী ধনা সাহা মানুষ হিসাবে ছিলেন:

A. দয়ালু

B. স্বার্থপর

C. লোভী

D. আত্মকেন্দ্রিক

IV) সুন্দরবনের রয়্যাল বেঙ্গল টাইগারের ঘাড় ডানদিকে একটু বাঁকা।

কারণ (ক): শাজঙ্গলীর এক রামথাপ্পড়ে দক্ষিণ রায়ের ঘাড়টা ডানদিকে বেঁকে গিয়েছিল।

কারণ (খ) :চারটে মহিষ আর তিন মণ চাল দিয়ে ব্রেকফাস্ট করার সময় তার ঘাড়ে মহিষের শিঙয়ের আঘাত লাগে।

A. কারণ (ক) ঠিক, কিন্তু কারণ (খ) ভুল

B. কারণ (ক) ভুল, কিন্তু কারণ (খ) ঠিক

C. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ভুল

D. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক

V) 'সূচনা' শব্দটির একটি সমার্থক শব্দ হল-

A. প্রারম্ভিকা

B. শেষ কথা

C. উপসংহার

D. যবনিকা

**B.** ... দুপুরে পাঞ্জাবির দু'পকেটে ভর্তি চকলেট নিলেন হিরণ্ময়বাবু। বেশ কয়েকটা হাতেও রাখলেন। তপতী হুইলচেয়ার চালিয়ে পার্কে নিয়ে গেল তাঁকে। "যা কালকের মতো বাড়ি গিয়ে ঘুম লাগা। ঠিক সময়মতো এসে নিয়ে যাস আমাকে," তপতীকে বললেন তিনি। ঠিক আছে বলে চলে গেল তপতী। কিছুক্ষণ পরই ঋদ্ধিমা আর চন্দ্রিমা ছুটতে ছুটতে এল তাঁর কাছে।

"তোরা এসে গেছিস?এই নে চকলেট," বলে দু'জনকে দু'মুঠো চকলেট দিলেন তিনি।

ঋদ্ধিমা বলল, "দাদু, আমাদের দাদু যখন হাঁটতে পারে, তুমিও পারবে।"

"না রে, তোদের দাদুর চেয়ে আমার অসুখ অনেক বেশি। আমি পারব না।"

"কিচ্ছু বেশি নয়। তুমিও হাঁটতে পারবে। আমরা তোমাকে হাঁটাব আজ।" চন্দ্রিমা হিরণ্ময় বাবুর একটা হাত ধরল। আর একটা হাত ধরল ঋদ্ধিমা।

"উঠে দাঁড়াও দাদু। তুমিও হাঁটতে পারবে আমাদের দাদুর মতো,"চন্দ্রিমা বলল।

"পারব বলছিস?" চন্দ্রিমা বলে "খুব পারবে।" তবু হিরণ্ময়বাবু কিছুতেই সাহস পান না। দু'পাশ থেকে দু'জনে ধরল তাঁকে। বাচ্চা দুটোর দিকে তাকিয়ে শিশুর মতো হাসলেন তিনি। অনেক দিন পর শরীরে যেন বল পেলেন। আশেপাশে তাকিয়ে কয়েক বারের চেষ্টায় আস্তে আস্তে হুইলচেয়ার ছেড়ে উঠে দাঁড়ালেন। দু'টি বাচ্চা দু'দিক থেকে শক্ত করে ধরে রইল তাঁকে।

"দেখলে তো দাদু, কী সুন্দর দাঁড়ালে তুমি!" ঋদ্ধিমা হাসল। "হ্যাঁ রে, দাঁড়ালাম তো, এ বার বসি?" বললেন হিরণ্ময়বাবু।

"না না। বসবে না। সোজা হয়ে দাঁড়িয়ে থাকো একটু,"বলল চন্দ্রিমা। বেশ কয়েক সেকেন্ড দাঁড়িয়ে থাকার পর, ঋদ্ধিমা বলল, এবার আস্তে আস্তে হাঁটো দাদু। আমরা ধরে আছি তোমাকে।"আস্তে আস্তে এক পা, এক পা করে পার্কের একটা সাইড ধরে হাঁটতে লাগলেন তিনি। না। কোনও কষ্ট হচ্ছে না তাঁর। কোনো ব্যথা অনুভব করছেন না। এক আশ্চর্য শক্তি ভর করেছে তাঁর শরীরে। আর,দু'পাশে তাঁকে ধরে রয়েছে দু'টি ফুটফুটে বাচ্চা মেয়ে। কিছুটা হেঁটে গিয়ে পার্কের বেঞ্চিতে বসলেন। মিনিট দশেক পর চন্দ্রিমা বলল "চলো দাদু, তোমাকে বসিয়ে দিয়ে আসি। কাল আবার হাঁটবে।

হুইলচেয়ারে বসার পর চন্দ্রিমা বলল, "বাড়িতে কিন্তু একা একা হাঁটবে না দাদু। আমরা কাল আবার তোমাকে হাঁটাবো।" যেমন ছুটতে ছুটতে এসেছিল তারা আবার তেমনই ছুটতে ছুটতে ফিরে গেল তারা। ...

I) চন্দ্রিমা সম্পর্কে ঋদ্ধিমার-

A. মা

B. মাসি

C. বোন

D. প্রতিবেশী

II) "যা কালকের মতো বাড়ি গিয়ে ঘুম লাগা।... নিয়ে যাস আমাকে,"- আলোচ্যমান উক্তিটির মধ্যে দিয়ে বক্তা তপতীকে –

A. আদেশ করলেন।

B. অনুরোধ করলেন।

C. প্রার্থনা করলেন।

D. মিনতি জানালেন।

III) "বাচ্চা দুটোর দিকে তাকিয়ে শিশুর মতো হাসলেন তিনি।"- হিরণ্ময়বাবু শিশুর মতো হাসলেন-

কারণ:ক) তিনি শিশুর সরলতা দিয়েই ঋদ্ধিমা ও চন্দ্রিমার কথা বিশ্বাস করলেন।

কারণ:খ) তিনি বিশ্বাস করতে পারলেন না বাচ্চা দু'টোর কথা।

A. কারণ (ক) ঠিক, কিন্তু কারণ (খ) ভুল

B. কারণ (ক) ভুল, কিন্তু কারণ (খ) ঠিক

C. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ভুল

D. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক

IV) "এক আশ্চর্য শক্তি ভর করেছে তাঁর শরীরে।"- শক্তিটি কী?

A. মনের জোর

B. শরীরের জোর

C. সুখ

D. বেদনা

V) 'ব্যথা' শব্দটির বিপরীত শব্দ হল-

A. আরাম B. আনন্দ

C. হাসি D. আয়েস

## SECTION-B(GRAMMER)

2) ব্যাকরণগত প্রশ্নের সঠিক উত্তর দাও: (যে কোনো পাঁচটি) MCQ (1×5=5)

I)বক্তা যা বলেন তাই হল-

A. বাচ্য B. উক্তি

C. নির্দেশক বাক্য D. প্রার্থনাসূচক বাক্য

II)কর্মবাচ্যে বাক্যকে প্রকাশ করে-

A. কর্ম

B. কর্তা

C. ক্রিয়া

D. অনুক্ত কর্তা

III)নিচের কোন্ বাক্যটি কর্মবাচ্যের উদাহরণ?

A. পথ দেখানো হোক।

B. একদিন তো মরবোই।

C. তুমি কোথায় থাক?

D. সভ্য সমাজ কর্তৃক এ কাজ অনুমোদিত হয় না।

IV)বাচ্য পরিবর্তনের সময় অবশ্যই মনে রাখতে হবে:

A. একটি বাচ্য থেকে আর একটি বাচ্যে যাতে পরিবর্তন করা না যায়।

B. বাক্যের অর্থ বা ভাব যেন সর্বদা একই থাকে।

C. বাক্যে কোনো উদ্দেশ্য থাকবে না।

D. বিধেয়কে সম্প্রসারণ করা যাবে না।

V) বারবেলা পড়ে গেল, আমি আর যাচ্ছি না। - ভাববাচ্যে পরিবর্তন কর:

A. বারবেলা পড়ে গেল, আমার আর যাওয়া হয় নাই।

B. বারবেলা পড়ে গেল, আমি আর যাওয়া হল না।

C. বারবেলা পড়িয়া যাওয়ায় আমি আর যাচ্ছি না।

D. বারবেলা পড়ে গেল, আমার আর যাওয়া হল না।

VI) শুভকার্য সম্পন্ন হইয়া যাক। > শুভকার্যের সম্পাদন হইয়া যাক- এটি

A. কর্মবাচ্য থেকে ভাববাচ্য হয়েছে। B. ভাববাচ্য থেকে কর্মবাচ্য হয়েছে।

C. ভাববাচ্য থেকে কর্তৃবাচ্য হয়েছে। D. কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্য হয়েছে।

## SECTION-C (Main Course Book)

3) পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো: MCQ (1×5=5)

I) বিজন ভট্টাচার্যের তৈরি একটি নতুন নাট্যগোষ্ঠীর নাম –

A. পঞ্চম বৈদিক

B. সায়ক

C. শুদ্রক

D. ক্যালকাটা থিয়েটার

II) গণনাট্যের একটি বৈশিষ্ট্য কী?

A. সমাজের নিচুস্তরের মানুষদের নিয়ে তৈরি নাটক।

B. যারা অভিনয় করতে ভালোবাসে তাঁদের নিয়ে তৈরি নাটক।

C. দুর্গতি ও প্রতিরোধের নাটক।

D. গ্রামীণ এবং শহুরে থিয়েটার এই দুই নাটকের মিশ্রণ।

III) "কলমি শাকগুলোর ওপর নেত্যর মা বার-দুয়েক জলের ছিটে দিয়ে দেয়।"

কারণ (ক): শাকগুলো যাতে সতেজ থাকে।

কারণ (খ) : শাকগুলোর ওজন যাতে বেড়ে যায়।

A. কারণ (ক) ঠিক, কিন্তু কারণ (খ) ভুল

B. কারণ (ক) ভুল, কিন্তু কারণ (খ) ঠিক

C. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ভুল

D. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক

IV) "আরে রও যাই, মাঠে যাবার জন্যি একেবারে পাগল হয়ে উঠেচো এর মধ্যি।" – আলোচ্যমান সংলাপটি কে কার সম্পর্কে বলেছে?

A. কৃষাণ তার পোষ্য গরু সম্পর্কে।

B. পুরুষ নেত্যর মা সম্পর্কে।

C. নেত্যর মা নেত্য সম্পর্কে।

D. নেত্য তার মা সম্পর্কে।

V) পুরুষ চরিত্রটি পেশায়-

A. দোকানি

B. শ্রমিক

C. কেরানি

D. সিভিক গার্ড

**4) পাঠ্য গল্প ও কবিতা থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো: (যে কোনো পাঁচটি) MCQ (1×5=5)**

I) বঁড়শির বৈশিষ্ট্য হল -

A. বঁড়শি দিয়ে জলকে স্থির রাখা হয় মাছ ধরার জন্য।

B. ছিপের সুতোয় বাঁধা শোলা যা দিয়ে মাছকে টেনে তোলা হয়।

C. বঁড়শি দিয়ে গাছ থেকে আম পারা হয়।

D. বঁড়শি দিয়ে টোপ গেঁথে মাছ ধরা হয়।

II) "গাড়ির সংকীর্ণতা আর আপনাকে পীড়িত করবে না," – কারণ

A. উদ্দিষ্ট ব্যক্তি তখন ম্যালেরিয়া জ্বরে আক্রান্ত।

B. উদ্দিষ্ট ব্যক্তি তখন মাছ ধরতে যাওয়ার আনন্দে মশগুল।

C. উদ্দিষ্ট ব্যক্তির মনে তখন রোমান্টিকতার ছোঁয়া লেগেছে।

D. উদ্দিষ্ট ব্যক্তি যেহেতু এই পথে একবার গেছেন তাই পথের কষ্ট তার সহ্য হয়ে গেছে।

III) "না মাসিমা, আর পালাব না"- উক্তিটির মধ্যে দিয়ে বক্তার মানসিকতার যে দিকের প্রকাশ ঘটেছে তা হল-

A. সহানুভূতিশীল মন

B. মুহূর্তের বিহ্বলতা

C. কর্তব্যবোধ

D. সহৃদয়তা

IV) সাম্যবাদী কবিতায় কবি বলেছেন, মানুষের ধর্মগ্রন্থ পড়া বৃথা-পণ্ডশ্রম মাত্র।

কারণ: ক) ধর্মগ্রন্থ পড়ে মানুষের মনুষ্যত্বের বিকাশ হয় না।

খ) ধর্মগ্রন্থ পড়েই যাবতীয় বিভেদ তৈরি হয়।

A. কারণ (ক) ঠিক, কিন্তু কারণ (খ) ভুল

B. কারণ (ক) ভুল, কিন্তু কারণ (খ) ঠিক

C. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ভুল

D. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক

V) "যেখানে আসিয়া এক হয়ে গেছে সব ___________________"

A. সমস্যা-সমাধান B. বাধা-ব্যবধান

C. মুসলিম-ক্রিশ্চান D. কোনটাই নয়

VI) ঈসা বলতে বোঝান হয়েছে-

A. শাক্যমুনিকে B. আরব-দুলালকে

C. বাঁশির কিশোরকে D. যিশুখ্রিস্টকে

**5) পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো: (যে কোনো পাঁচটি) MCQ (1×5=5)**

I) আনাতোল ফ্রাঁস সাহিত্যিক ছিলেন-

A. ফ্রান্সের B. আরবের

C. চীনের D. ব্রিটেনের

II) অন্যের বই ধার করে এনে লাইব্রেরি করা লেখকের কথায় এটি এক ধরনের-

A. হুজুক B. শখ

C. মানসিক সমস্যা D. আনন্দ

III) মার্ক টয়েনের লাইব্রেরির বৈশিষ্ট্য ছিল-

A. বই রাখার কোনো সেলফ ছিল না।

B. মেঝে থেকে ছাদ পর্যন্ত বই রাখা থাকতো।

C. বইগুলি ছিল উপহার পাওয়া।

D. কোনটিই নয়।

IV) "খুশ গল্প লিখব বলে কলম ধরেছিলুম" – এই গল্প লেখার দিনটি কোন দিন ছিল?

A. বসন্তের দিন

B. হেমন্তের দিন

C. গরমের দিন

D. বৃষ্টির দিন

V) হেকিম বইয়ের পাতায় পাতায় কোণের দিকে মাখিয়ে রেখেছিলেন মারাত্মক বিষ- এই ভয়ানক ঘটনার মধ্যে দিয়ে হেকিম চরিত্রের যে দিকটি আমরা দেখতে পাই তা হল-

A. প্রতিশোধ পরায়ণ
B. বাস্তববাদী নন
C. বুদ্ধিমান
D. কালানুধ্যায়ী

VI) মাছি-মারা কেরানি বলতে বোঝায়:

A. যেখানে কেউ নেই।
B. হুবহু অনুকরণকারী।
C. আত্মগোপন করে থাকা।
D. যে মাছি তাড়ায়।

## PART-B: Descriptive Questions

### SECTION-A (Grammar)

6) নির্দেশানুযায়ী বাচ্যের পরিবর্তন কর: (যে কোন ছয়টি) (1×6=6)

A)"কোথায় ভাসায়ে দেবে সাম্রাজের দেশবেড়া জাল।" (কর্মবাচ্য)
B)"বাজবে যে আজ মহোল্লাসে তোমার মহাশঙ্খ।" (ভাববাচ্য)
C)আমরা আর সময় নষ্ট করবো না। (কর্মবাচ্য)
D) ঔষধ দেওয়া হইল। (কর্তৃবাচ্যে)
E) মরতে একদিনতো হবেই। (কর্তৃবাচ্যে)
F)অপু জন্ম অবধি কোথাও কখনও যায় নাই।(ভাববাচ্য)
G) আগে কি তোমাকে কোথাও দেখেছি? (ভাববাচ্য)
H) মহাশয়ের আসা ভাল হয় নাই। (কর্তৃবাচ্যে)
I) সিধুমামাই এ সমস্যাটার সমাধান করলেন। (কর্মবাচ্য)

### SECTION-C

### (Supplementary Reader/Non-detailed Text)

7) 'আপনি বিচক্ষণ হলে' কী বুঝতে পারবেন? (2)

8) "জীবন্ত পৃথিবী ছাড়িয়ে অতীতের কোনো কুজ্‌ঝটিকাচ্ছন্ন স্মৃতিলোকে এসে পড়েছেন বলে ধারণা হবে।"- লেখকের এমন ধারণার কারণ কী বলে তোমার মনে হয়? (3)

9) "কে নিরঞ্জন এলি?"- বক্তা একথা কোন প্রসঙ্গে বলেছিল? এই অপেক্ষাই বুঝিয়ে দেয় যামিনীর মা হেরে যাওয়া মানুষের একজন – তোমার উত্তরের স্বপক্ষে বা বিপক্ষে যুক্তি দিয়ে লেখো। (2+3=5)

অথবা

"মা তো কিছুতেই শুনছেন না।" – কোন্ প্রসঙ্গে এমন উক্তি? উক্তিটির মধ্যে দিয়ে বক্তার ও তার মায়ের মানসিকতার কোন্ কোন্ দিকের প্রকাশ ঘটেছে?

10) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো: (5)

মিথ্যা শুনিনি ভাই,
এই হৃদয়ের চেয়ে বড় কোনো মন্দির-কাবা নাই।

অথবা

এই রণ-ভূমে বাঁশির কিশোর গাহিলেন মহা-গীতা,
এই মাঠে হলো মেষের রাখাল নবিরা খোদার মিতা।

11) 'সাম্যবাদী' কবিতাটির মাধ্যমে কবি কোন্ সত্যকে প্রকাশ করতে চেয়েছেন যা বর্তমান সময়ে ভীষণ ভাবে প্রাসঙ্গিক বলে তুমি মনে করো? (3)

অথবা

"মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়"- আলোচ্যমান পঙক্তিটির মধ্যে দিয়ে কবির মনোভাবের কোন্ দিকের প্রকাশ পেয়েছে যা বর্তমান সময়ে প্রাসঙ্গিক?

12) "আচ্ছা তাল হইছে রোজ সকালে। একটু ঘুমোনোর জো নেই"- কে কোন পরিপ্রেক্ষিতে মন্তব্যটি করেছে? (2)

13) 'আগুন' নাটকের প্রথম তিনটি দৃশ্যে কাদের কথায় খিদের যন্ত্রণা ফুটে উঠেছে? এই জীবন যন্ত্রণা ক্ষিরি চরিত্রের মধ্যে দিয়ে কিভাবে প্রকাশ পেয়েছে তা লেখো। (2+3=5)

14) "সংসারে জ্বালা-যন্ত্রণা" এড়াবার উপায়গুলি কী কী বলে মনে করেন রাসেল? (2)

15) "তাই এই অচ্ছেদ্য চক্র"- 'অচ্ছেদ্য চক্র' বলতে লেখক কী বুঝিয়েছেন? এই চক্র থেকে বেরিয়ে আসার সঠিক পথটি কী বলে তোমার মনে হয় তা লেখো। (2+3=5)

## Section-D

## Creative Writing

16) ধ্বংসের মুখোমুখি আমরা - দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো। (12)

অথবা

প্রেমই শক্তি - দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।